সারাদেশ

# কুষ্টিয়ায় পাট জাগ দেওয়া নিয়ে বিরোধে বড় ভাই নিহত, আটক ১

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ০২ আগস্ট ২০২৬, ১১:৩৮ AM



ছবি: কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় পাট জাগ দেওয়া নিয়ে বিরোধের জেরে ছোট ভাইয়ের হাসুয়ার কোপে নুর ইসলাম (৪০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত ছোট ভাই হেলাল (৪৩)কে আটক করেছে পুলিশ।

শনিবার (১ আগস্ট) রাত পৌনে ৮টার দিকে উপজেলার বহলবাড়ীয়া ইউনিয়নের নওদা বহলবাড়ীয়া গ্রামের ঠাকুরপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। পরে রাত ৯টার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নুর ইসলামের মৃত্যু হয়।

নিহত নুর ইসলাম ওই এলাকার মৃত আব্দুল ওহাব মণ্ডলের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পাট জাগ দেওয়া নিয়ে দুই ভাইয়ের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। এরই জেরে শনিবার রাতে নুর

ইসলাম ও তাঁর ছোট ভাই হেলালের মধ্যে কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে হেলাল ধারালো হাসুয়া দিয়ে নুর ইসলামকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করেন বলে অভিযোগ। পরে স্থানীয়রা তাঁকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

কুষ্টিয়ার (মিরপুর-ইসলামী বিশ্ববিদ্যালয়) সার্কেলের সহকারী পুলিশ সুপার মুহাম্মদ মাহমুদুল হক মজুমদার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পাট জাগ দেওয়া নিয়ে বিরোধের জেরে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। এ ঘটনায় অভিযুক্ত একজনকে আটক করা হয়েছে।

তিনি আরও জানান, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

---

## এ বিভাগের আরও খবর




**আমির হামজার গাড়িবহরে হামলা: সংবাদ সম্মেলনে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেপ্তারের আল্টিমেটাম**

কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার গাড়িবহরে বর্বরোচিত ও অতর্কিত হামলার তীব্র প্রতিবাদ ও জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবিতে জর...



**রাঙামাটিতে পিকআপ উল্টে নিহত ৪**

রাঙামাটির মানিকছড়িতে পিকআপ উল্টে দুই নারীসহ চারজন নিহত হয়েছেন। এ সময় আরো তিনজন আহত হয়েছেন।রবিবার (১৬ আগস্ট) ভোরে সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের...



### চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




### মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-pat-jag-deoya-niye-birodhe-br-bhai-niht-atk-1